B.A. 6th Semester (Programme) Examination, 2021

বাংলা

Course Title: মধ্যযুগের বাংলা সাহিত্য

Course Code: 60118 | Course ID: APBNG-601-DSE-2

সময়ঃ ২ ঘন্টা | পূর্ণমানঃ ৪০

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

**১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।** ৫ x ২ = ১০

ক) মালাধর বসুর 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যের রচনাকাল সম্পর্কিত শ্লোকটি উল্লেখ করো।

খ) 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যটি অন্য কী নামে পরিচিত?

গ) 'সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু' – কার লেখা কোন পর্যায়ের পদ?

ঘ) 'চলইতে শঙ্কিল পঙ্কিল বাট' – পদটি কার লেখা? 'বাট' শব্দের অর্থ কী?

ঙ) ঘনরাম চক্রবর্তীর 'ধর্মমঙ্গল' কাব্যের প্রথম দু'টি পালার নাম লেখো।

চ) কানড়া কোথাকার রাজকন্যা ছিলেন? তাঁর পিতার নাম কী?

ছ) আলাওলের 'পদ্মাবতী' কোন গ্রন্থের অনুবাদ? এই কাব্যের কেন্দ্রীয় চরিত্রটির নাম লেখো।

জ) পদ্মাবতীর পাখিটির নাম কী? নাগমতী কেন পাখিটিকে হত্যা করতে চেয়েছিলেন?

২। যে-কোন দু'টি প্রশ্নের উত্তর দাও। ২ x ৫ = ১০

ক) 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যের নামকরণ বিষয়ে সংক্ষেপে আলোকপাত করো।

খ) 'কন্টক গাড়ি কমল-সম পদতল' – পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।

গ) 'চাপড়ে চিয়াব পতি না হব পাতকী' – বক্তার নাম উল্লেখ করে চরিত্রটির পরিচয় দাও।

ঘ) 'পদ্মাবতী' কাব্যে সুফীপ্রভাব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৩। যে-কোন দু'টি প্রশ্নের উত্তর দাও। ২ x ১০ = ২০

ক) 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যে প্রতিফলিত সমকালীন সমাজচিত্রের পরিচয় দাও।

খ) তোমার পাঠ্যপদ অবলম্বনে জ্ঞানদাসের কবি প্রতিভার স্বরূপ আলোচনা করো।

গ) ঘনরামের 'ধর্মমঙ্গল' কাব্যের নায়ক লাউসেন চরিত্রটি বিশ্লেষণ করো।

ঘ) আলাওলের 'পদ্মাবতী' কাব্য অবলম্বনে পদ্মাবতী চরিত্রটি বিশ্লেষণ করো।

B.A. 6th Semester (Programme) Examination, 2021

বাংলা

Course Title: রবীন্দ্রসাহিত্য

Course Code: 60118 | Course ID: APBNG-601-DSE-2

সময়ঃ ২ ঘন্টা | পূর্ণমানঃ ৪০

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

**১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।** ৫ x ২ = ১০

ক) 'প্রন্তিক' কাব্যগ্রন্থের কবিতার সংখ্যা ক'টি ? শেষ কবিতাটি কোন বিশেষ দিনে লেখা ?

খ) "স্বপ্নছবি-মুছে-যাওয়া সুষুপ্তির মতো শান্ত হল" – কোন কবিতার অংশ ? 'সুষুপ্তি' শব্দের অর্থ কী ?

গ) অমিত কাকে 'ধূমকেতু-মুখো' নাম দিয়েছিল ? তার পেশা কী ছিল ?

ঘ) "এ বন্ধুত্বের পুরো দাম দিতে পারি এমন ধন আজ আমার হাতে নেই।" – কে কার উদ্দেশ্যে একথা লিখেছে ?

ঙ) 'রবিবার' গল্পটি কত বঙ্গাব্দে কোন পত্রিকায় প্রকাশিত হয় ?

চ) অচিরার ছাত্রের নাম কী ? সে অচিরাকে কী এনে দিত ?

ছ) "পিসেমশাই আমি পণ্ডিত হবো না ।" – উক্তিটি কার ? কোন রচনার অংশ ?

জ) 'ডাকঘর' নাটকটি প্রথম কবে কোথায় অভিনীত হয়েছিল ?

**২। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও।** ২ x ৫ = ১০

ক) 'প্রান্তিক' কাব্যগ্রন্থের শেষ কবিতা অবলম্বনে সাম্রাজ্যবাদী শক্তি সম্পর্কে কবির মনোভাব ব্যক্ত করো।

খ) 'শেষের কবিতা' উপন্যাসের শেষ কবিতাটির মূলভাব লেখো ।

গ) 'রবিবার' গল্পের অভীকের ধর্মবোধের পরিচয় দাও।

ঘ) 'ডাকঘর' নাটকের সুধা চরিত্রের গুরুত্ব নির্দেশ করো।

**৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও।** ২ x ১০ = ২০

ক) তোমার পাঠ্য কবিতা অবলম্বনে 'প্রান্তিক' কাব্যে প্রকাশিত কবির জীবনপিপাসার স্বরূপ ব্যাখ্যা করো।

খ) 'শেষের কবিতা' উপন্যাসে অমিত চরিত্রের স্বরূপ আলোচনা করো।

গ) 'ল্যাবরেটরি' গল্পে নারীর নিজস্ব অনুভব ও ভাব-চেতনার চূড়ান্ত রূপায়ণ ঘটেছে – আলোচনা করো।

ঘ) 'ডাকঘর' নাটকের নামকরণ কতখানি সার্থক হয়েছে তা আলোচনা করো।

B.A. 6$^{th}$ Semester (Programme) Examination, 2021

বাংলা

Course Title: কথাসাহিত্য

Course Code: 60118 | Course ID: APBNG-601-DSE-2

সময়ঃ ২ ঘন্টা | পূর্ণমানঃ ৪০

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

**১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।** ৫ x ২ = ১০

ক) 'অ্যাসা কভি নহি শুনা'- কে কি শুনে একথা বলেছে ?

খ) ' শেষপ্রশ্ন' উপন্যাসে কমল ' মনের বার্ধক্য' বলতে আশুবাবুকে কি বলেছে ?

গ) ' মালঞ্চ' উপন্যাসের প্রকাশকাল লেখ। ' মালঞ্চ' কি ধরণের উপন্যাস ?

ঘ) নীরজা নীরবে মৃত্যুকে বরণ করতে পারেনি কেন ?

ঙ) অঞ্জনগড়ের সীমানা কত বর্গ কিলোমিটার ?

চ) 'চতুর্থ পানিপথের যুদ্ধ' গল্পের নায়ক কে ? সে কোন খেলায় পারদর্শী ছিল ?

ছ) 'রজনী' কোন শ্রেণির উপন্যাস? কোন্ ইংরেজি উপন্যাসের প্রভাব আছে 'রজনী' উপন্যাসে ?

জ) কার কৃপায় রজনীর দৃষ্টিলাভ হয়? অমরনাথ কে ?

**২। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও।** ৫ X ২ =১০

ক) 'রজনী' উপন্যাসের লবঙ্গলতা চরিত্রটির বিশিষ্টতার পরিচয় দাও।

খ) 'চতুর্থ পানিপথের যুদ্ধ' গল্পটির এরূপ নামকরণ কেন করা হয়েছে ?

গ) ' মালঞ্চ' উপন্যাসের রমেন চরিত্রটি সংক্ষেপে ব্যাখ্যা করো।

ঘ) ' শেষপ্রশ্ন' উপন্যাসে আশুবাবু মানুষটি সম্পর্কে তোমার মতামত লেখো।

**৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও।** ২ X ১০ = ২০

ক) "ফসিল' গল্পের সবচেয়ে গতিশীল চরিত্র মিঃ মুখার্জি" - মন্তব্যটির আলোকে চরিত্রটি বিচার করো।

খ) ' শেষপ্রশ্ন' উপন্যাসের বিতর্কিত কমল চরিত্রটি আলোচনা করো।

গ) ' মালঞ্চ' উপন্যাসের মূল বিষয়বস্তু সংক্ষেপে লেখো।

ঘ) 'রজনী' উপন্যাসের শ্রেণি বিচার করো।

B.A. 6th Semester (Programme) Examination, 2021

বাংলা

Course Title: নাট্যসাহিত্য

Course Code: 60118 | Course ID: APBNG-601-DSE-2

সময়ঃ ২ ঘন্টা | পূর্ণমানঃ ৪০

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

**১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।** ৫ x ২ = ১০

ক) নাট্যতত্ত্বে ত্রিবিধ ঐক্য কী কী ?

খ) কোরাস বলতে কী বোঝ ?

গ) বেলগাছিয়া নাট্যশালার প্রতিষ্ঠাতা কে ? এখানে অভিনীত একটি নাটকের নাম লেখো।

ঘ) বেঙ্গলি থিয়েটার কে কবে প্রতিষ্ঠা করেন ?

ঙ) নটী বিনোদিনীর সঙ্গে জড়িত একজন মহাপুরুষের নাম লেখো । নাটকের কোন দৃশ্যে তাঁর প্রথম আবির্ভাব ?

চ) 'স্টেজেও নিজেকে শ্রীশ্রীচৈতন্য মহাপ্রভু বলে পরিচয় দিতে পারব না' – এ কথা কে কাকে বলেছে ?

ছ) 'এবং ইন্দ্রজিৎ' নাটকে দু'টি পার্শ্বচরিত্রের নাম উল্লেখ করে তাদের পরিচয় দাও।

জ) 'এবং ইন্দ্রজিৎ' ছাড়া বাদল সরকারের অন্য দু'টি নাটকের নাম লেখো।

**২। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও।** ২ x ৫ = ১০

ক) কমেডি ও মেলোড্রামা সম্বন্ধে অতি সংক্ষিপ্ত তুলনা করো।

খ) বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে জোড়াসাঁকো থিয়েটারের গুরুত্ব নির্দেশ করো।

গ) 'নটী বিনোদিনী' নাটকে নাট্যকারের সংলাপ রচনায় কৃতিত্বের পরিচয় দাও।

ঘ) 'এবং ইন্দ্রজিৎ' নাটকে মানসী চরিত্রের গুরুত্ব নির্দেশ করো ।

**৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও।** ২ x ১০ = ২০

ক) ট্রাজেডি নাটকের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

খ) বাংলা থিয়েটারের ইতিহাসে শখের থিয়েটারগুলির গুরুত্ব আলোচনা করো।

গ) নটী বিনোদিনীর জীবনে গিরিশ ঘোষের অবদান চরিত্রটি অবলম্বনে আলোচনা করো।

ঘ) 'এবং ইন্দ্রজিৎ' নাটকে সময়ের প্রতিফলন কীভাবে ঘটেছে বুঝিয়ে দাও।